

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে সেপ্টেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবুল বাসার সিদ্দিক আকন, পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
তারিখ : ২৮.০৯.২০২১ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
স্থান : বিএমডির সভা কক্ষ।
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ আবুল বাসার সিদ্দিক আকন, পরিচালক- এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, বর্তমান সরকার কর্তৃক গৃহীত রূপকল্প ২০২১ এবং ২০৪১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে বিদ্যমান সরকারি সেবাসমূহকে ডিজিটাল সেবায় রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা অর্জন করা আবশ্যিক। বিএমডির ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব আজিজুল হক বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে উদ্ভাবন কর্মপরিকল্পনাকে একীভূত করে তা বাস্তবায়নে জোর দেয়া হয়েছে। সভায় জানানো হয় যে, ২০২১-২০২২ অর্থবছরে বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশের লক্ষ্যে একটি অফিস আদেশ জারি করা যেতে পারে।

সভায় বিস্তারিত আলোচনান্তে বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বানের লক্ষ্যে একটি অফিস আদেশ জারির বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ সিদ্ধান্ত : বিএমডির সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বানপূর্বক সেগুলো যাচাই-বাছাই করে তালিকা তৈরি করা।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


-২৮/০৯/২০২১
মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
সভাপতি, ইনোভেশন কমিটি
ও
পরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
(বিএমডি)

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-৩). ৭৩৩

তারিখ : ৩৬ আশ্বিন ১৪২৮
২৬ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দু.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);

২। কর্মকর্তা (সকল).....বিএমডি, ঢাকা;

৩। মাস্টার কপি/সংশ্লিষ্ট নথি।

২৬/৯/২০২১

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক